দৈনিক ইত্তেফাক

171

তারিখ ... SEP 12 1996
পৃষ্ঠা ৪ কলাম ৪

# জাতীয় বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রকের দৃষ্টি আকর্ষণ

আমরা যাহারা জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে কলেজসমূহে ১৯৯৫-৯৬ সেসনে মাস্টার্স শেষ বর্ষে অধ্যয়ন করিতেছি, তাহাদের চূড়ান্ত পরীক্ষা অনিবার্য কারণবশত ২৫শে আগস্টের পরিবর্তে ২৬শে অক্টোবরে নিয়া যাওয়া হইয়াছে। এখন আবার পরীক্ষা পিছাইবার গুঞ্জন শোনা যাইতেছে। ফলে আমরা নিয়মিত ছাত্র-ছাত্রীগণ হতাশ হইয়া পড়িয়াছি। ইতিমধ্যে আমাদের জীবন হইতে অনেক সময় ঝরিয়া গিয়াছে। আমাদের নির্ধারিত পরীক্ষা ১৯৯৬ সালে শেষ হওয়ার কথা থাকিলেও এখনো তাহা শুরুই হইল না। একদিকে আমরা যেমন পরিবারের বোঝা হইয়া দাঁড়াইয়াছি, অন্যদিকে তেমনি পড়াশোনার প্রতি আগ্রহ হারাইয়া যাইতেছে। এমতাবস্থায়, আমাদের পরীক্ষা আর না পিছাইবার জন্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রকের নিকট আকুল আবেদন জানাইতেছি।

এ এস এম মখলেসুর রহমান,
এম এস এস শেষ বর্ষ,
অর্থনীতি বিভাগ,
রাজশাহী কলেজ, রাজশাহী।